



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/11/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো লেক প্লাসিডের অলিম্পিক জাম্পিং কমপ্লেক্সে (LAKE PLACID'S OLYMPIC JUMPING COMPLEX) ক্লিফসাইড কোস্টারের জমকালো উদ্বোধনের ঘোষণা করেছেন

বছরব্যাপী মাউন্টেন কোস্টার মার্কিন যুক্তরাষ্ট্রের দীর্ঘতম

মাউন্টেন কোস্টারের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ মাউন্ট ভ্যান হোভেনবার্গে নতুন ক্লিফসাইড মাউন্টেন কোস্টার উদ্বোধন করার ঘোষণা করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের দীর্ঘতম, মাউন্টেন কোস্টার 1980 অলিম্পিক ববস্লেড ট্র্যাকের পাশাপাশি চলে এবং লেক প্লাসিড অলিম্পিক সাইটের সর্বশেষ বছরব্যাপী আকর্ষণ।

"ক্লিফসাইড কোস্টার অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের (Olympic Regional Development Authority) ভেদে আমাদের সর্বশেষ এবং সব চেয়ে রোমাঞ্চকর সংযোজন, এবং সমগ্র মাউন্ট ভ্যান হোভেনবার্গ কমপ্লেক্সের আধুনিকীকরণের জন্য আমাদের চলমান প্রচেষ্টার অংশ," **গভর্নর কুওমো বলেন।** "এই পুনরুজ্জীবন এই কমপ্লেক্সকে ক্রীড়াবিদ এবং পরিবার উভয়ের জন্য উত্তেজনা এবং বিনোদন প্রদানকারীতে রূপান্তরিত করছে, যা আরো গ্রীষ্মকালীন পর্যটকদের আকৃষ্ট করবে এবং স্থানীয় ব্যবসায়িক এক গুরুত্বপূর্ণ উদ্দীপনা প্রদান করবে যখন আমরা আরো ভালোভাবে গড়ে তুলার উদ্দেশ্যে কাজ করছি।"

11 অক্টোবর রবিবার, মাউন্টেন কোস্টার খোলা হবে তার প্রথম যাত্রার জন্য, মাউন্টেন কোস্টারে একটি সময় এবং অডিও সিস্টেম থাকবে যা দর্শকদের 1980 সালের লেক প্লাসিডের অলিম্পিক শীতকালীন গেমসের ববস্লেডার হওয়ার রোমাঞ্চ অনুভব করতে দেয়। কোস্টারটি শুধুমাত্র সপ্তাহান্তে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে, কলম্বাস দিবসের ছুটির দিনে বর্ধিত ঘন্টা সহ, এবং আরোহীদের জন্য তথ্যমূলক এবং রোমাঞ্চকর ধারাভাষ্য অন্তর্ভুক্ত করা হবে যখন তারা ঐতিহাসিক ট্র্যাকের প্রতিলিপি করে যে বাঁকগুলি, তার মধ্যে দিয়ে যাবেন।

অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মাইক প্র্যাট বলেন, "ক্লিফসাইড কোস্টার সদ্য রূপান্তরিত মাউন্ট ভ্যান হোভেনবার্গের এক অনন্য আকর্ষণ। আমরা আমাদের অতিথিদের এই রোমাঞ্চকর অভিজ্ঞতা দিতে পেরে অবিশ্বাস্যভাবে উত্তেজিত। কোস্টার 1932 এবং 1980 অলিম্পিক ববস্লেড ট্র্যাক লাইন অনুসরণ করে যখন এটি পাহাড় থেকে নেবে

আসে। দৃশ্যগুলো বিস্ময়কর, এবং বাঁকগুলি আপনার হৃদয় কাঁপিয়ে দেবে। সবাই মনে করবে যে তারা পদক পাওয়ার যোগ্য।"

গভর্নর কুওমো স্টেটের অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের সম্পদগুলোর সহায়তায় প্রায় 240 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের অঙ্গীকার করেছেন। এই স্থাপনাগুলোকে বছরব্যাপী আকর্ষণে রূপান্তরিত করার পাশাপাশি তারা যাতে বৃহদায়তন, বৈশ্বিক ইভেন্টগুলোকে আকর্ষণ এবং সমর্থন অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করার উদ্দেশ্যে মূলধনী প্রকল্পগুলোতে করা এই অভূতপূর্ব বিনিয়োগ ORDA এর পরিকাঠামোকে উন্নত করছে।

অতিথিদের অনলাইনে টিকেট কিনতে হবে যাতে তারা অনুষ্ঠান স্থলে ক্যাপাসিটি কন্ট্রোলে সহায়তা করতে পারে। মাউন্টেন কোস্টার কার্ট প্রতিটি ব্যবহারের মধ্যে মুছে ফেলা হবে এবং পরিষ্কার করা হবে। সকল অতিথিদের জন্য ফেস কভারের প্রয়োজনীয়তা সহ সকল NY স্টেট প্রোটোকল অনুসরণ করা হবে। সব ভেন্যুতে মাস্ক পরা বাধ্যতামূলক।

সম্প্রতি সম্পন্ন মাউন্টেন কোস্টার ORDA-তে করা অনেক উত্তেজনাপূর্ণ আকর্ষণের মধ্যে একটি। অন্যদের মধ্যে রয়েছে: লেক প্লাসিড অলিম্পিক স্কি জাম্পিং কমপ্লেক্সের স্কাই ক্লায়ার জিপলাইন; নতুন আট ব্যক্তির, ADA-অনুবর্তী গন্ডোলা; সদ্য সংস্কারকৃত কাঁচঘেরা লিফট; 90M এবং 120M স্কি জাম্পের নতুন ফ্রস্ট রেল সিস্টেম কমপ্লেক্স এবং মাউন্টেন পাস লজে -- যাতে আছে একটি অত্যাধুনিক ইনডোর ববস্লেড এবং স্কেলেটন স্টার্ট ট্র্যাক, একটি 30 পয়েন্ট বায়াথলন রেঞ্জ, 5 কিমি নবনির্মিত নার্ডিক ট্রেইল, 3 মিলিয়ন গ্যালন তুষার নির্মাণকারী রিজার্ভয়ার সহ। শীঘ্রই ক্যাসকেড এবং পোর্টার মাউন্টেনের জন্য নতুন ট্রেইলহেড কার্যকর করা হবে।

সিনেটর বেটি লিটল বলেন, "মাউন্ট ভ্যান হোভেনবার্গে ক্রিফসাইড কোস্টার উদ্বোধনের জন্য আমরা উত্তেজিত। কোস্টার শুধু একটি রোমাঞ্চকর যাত্রাই নয়, এটা আমাদের অতিথিদের জন্য একটি উপায় যার দ্বারা লেক প্লাসিড, NY এর ঐতিহাসিক ট্র্যাকে তাদের একান্তই নিজস্ব অলিম্পিক অভিজ্ঞতা পাওয়ার। এটা সত্যিই এক অনন্য ধরণের।"

অ্যাসেম্বলি সদস্য ড্যান স্টেক বলেন, "ORDA এর ভেন্যুতে সাম্প্রতিক সব আকর্ষণ দেখেগুলি আমি গর্বিত। এই আকর্ষণগুলো শুধু অ্যাডিরনড্যাকের দর্শন এবং রাজস্ব বাড়াবে তাই নয়, বরং তারা লেক প্লাসিডে অনুষ্ঠিত খেলার ইতিহাসের অভিজ্ঞতা শেয়ার করবে এবং আশা করা যায় খেলাধুলার ভবিষ্যৎ বৃদ্ধি অব্যাহত রাখবে।"

এসেক্স কাউন্টি বোর্ড অফ সুপারভাইজারস চেয়ারম্যান শন গিলিল্যান্ড বলেন, "নতুন ক্রিফসাইড মাউন্টেন কোস্টার একটি ঐতিহাসিক স্থানের একটি মজাদার সংযোজন, এবং আমি আনন্দিত যে গভর্নর কুওমো আজ এর উদ্বোধনের কথা ঘোষণা করেছেন। এই কোস্টার লেক প্লাসিডের একটি শক্তিশালী আকর্ষণের সর্বশেষ সংযোজন এবং এই সুন্দর সাইটে ভ্রমণের বছরব্যাপী সুবিধা তুলে ধরবে।"

ক্লিফসাইড কোস্টার এবং লেক প্ল্যাসিড অলিম্পিক সাইট সম্পর্কে আরও তথ্যের জন্য, <https://www.mtvanhoevenberg.com/todo/cliffside-coaster> এ যান।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)